



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৭/৬৭৭৭

তারিখ : ০৯.১১.২০১৭খ্রি.

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিবন্ধন কার্ড বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য, ১৭.১১.২০১৭ তারিখ সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের রেজি:কার্ড বিতরণ করা হবে। কলেজের অধ্যক্ষ বা তার প্রত্যায়িত প্রতিনিধি প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময় উপস্থিত থাকবেন-

- ক। অধ্যক্ষ হলে আবেদন। অন্যথায় অধ্যক্ষের প্রত্যয়ন এবং প্রতিনিধির স্বাক্ষর সত্যায়নপত্র
- খ। প্রথম পাঠদান/প্রথম স্বীকৃতির পত্র
- গ। সর্বশেষ স্বীকৃতি নবায়ন/পাঠদানের অনুমতি নবায়নের কপি/আবেদনের প্রমাণপত্র
- ঘ। আলাদা কোন বিষয় অনুমোদন নিলে তার প্রথম পাঠদান/প্রথম স্বীকৃতি/ সর্বশেষ নবায়ন পত্র
- ঙ। বিদ্যমান গভর্নিং বডি, এডহক কমিটি বা অন্য যে কোন কমিটির সর্বশেষ অনুমোদন পত্র
- চ। কলেজ থেকে ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীদের তালিকা
- ছ। নির্ধারিত দিন রেজি: কার্ড গ্রহণ না করলে প্রতিদিনের জন্য ৫০০(পাঁচশত) টাকা করে জরিমানা প্রদান করে রেজি: কার্ড গ্রহণ করতে হবে
- জ। উল্লিখিত তথ্যাদির যে কোন একটি প্রাপ্ত না হলে কোনক্রমেই রেজি: কার্ড প্রদান করা হবে না
- ঝ। স্ব স্ব কলেজের অধ্যক্ষ রেজি: কার্ড গুণে গ্রহণ করবেন। পরবর্তী পর্যায়ে কোন গড়মিল দেখা গেলে তার দায় প্রতিষ্ঠানকে বহন করতে হবে
- ঞ। রেজি: কার্ড অধ্যক্ষ কর্তৃক গ্রহণ করার পরের কর্মদিবসে শিক্ষার্থীদের হাতে বিতরণ করতে হবে এবং যাবতীয় সংশোধন (প্রমাণপত্র থাকা সাপেক্ষে) পূর্বক তা বোর্ড কর্তৃপক্ষের কাছে অবশ্যই ২২.১১.২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে
- ট। যে সকল শিক্ষার্থীর নিবন্ধন কার্ড প্রিন্ট হয়নি তাদের নিবন্ধনের স্বপক্ষে প্রমাণপত্র উপস্থাপন করতে হবে
- ঠ। যে সকল শিক্ষার্থী বোর্ডের পূর্বানুমতি নিয়ে বিষয়/শাখা পরিবর্তন করেছে তাদের নিবন্ধন সংশোধন না হয়ে থাকলে সঠিক কাগজপত্রসহ তাদের নিবন্ধন সংশোধনের জন্য আবেদন করতে হবে
- ড। নুতন করে বিষয় সংশোধন করতে চাইলে (প্রমাণপত্র থাকা সাপেক্ষে) প্রতি ভুলের জন্য বোর্ডের নির্ধারিত ফি জমা দিতে হবে এবং তা কোনক্রমেই প্রবেশপত্র সংশোধনের পর হবে না
- ঢ। ফরম ফিলাপের পর রেজি: কার্ড সংশোধন কোনক্রমেই বিবেচিত হবে না
- ণ। রেজি: কার্ড গ্রহণের সময় একাদশ(২০১৭-২০১৮) ও দ্বাদশ(২০১৬-২০১৭) শ্রেণির জমাকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, ভর্তিকৃত শিক্ষার্থীদের সংখ্যার সাথে মিলিয়ে গ্রহণ করতে হবে

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

অধ্যক্ষ

বরিশাল শিক্ষাবোর্ড আওতাধীন কলেজসমূহ

অনুলিপি:

২। পিএস টু চেয়ারম্যান, বশিবো

৩। সংরক্ষণ নথি